



# প্রথম আলো

১৯-১২-২০২৪, পৃষ্ঠা-৭

## ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি ব্যবসায় এবং অর্থনীতি অনুষদের মর্যাদাপূর্ণ স্বীকৃতি অর্জন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ব্যবসায় এবং অর্থনীতি অনুষদ কোনো শর্ত ছাড়াই আগামী ১০ বছরের জন্য অ্যাক্রেডিটেশন কাউন্সিল ফর বিজনেস স্কুলস প্রোগ্রামসের (এসিবিএসপি) স্বীকৃতি লাভ করেছে। গত অক্টোবরে সংস্থাটির প্রতিনিধিদল ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি পরিদর্শন করে যায়। গত মঙ্গলবার এ স্বীকৃতির ঘোষণা দেওয়া হয়।

এসিবিএসপি যুক্তরাষ্ট্রের স্বীকৃতি সংস্থা, যা কাউন্সিল ফর হায়ার এডুকেশন অ্যাক্রেডিটেশন (সিএইচইএ) অনুমোদিত। এসিবিএসপির এই স্বীকৃতির ফলে শিক্ষার্থীরা বিশ্বব্যাপী চাকরির বাজারে নিজেদের আরও যোগ্য হিসেবে উপস্থাপন করতে পারবে। সহজে ভালো মানের উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে উচ্চতর ডিগ্রি অর্জনের সুযোগ পাবেন।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য শামস রহমান বলেন, 'আমরা এই স্বীকৃতি পেয়ে অত্যন্ত গর্বিত। আমরা যে আন্তর্জাতিক মানের ব্যবসায় শিক্ষা দিই, এসিবিএসপির স্বীকৃতি তার সবচেয়ে বড় প্রমাণ।' **বিজ্ঞপ্তি**